

২৩শে মে, ২০১৭

বরাবর

এ কে এম শহীদুল হক বিপিএম, পিপিএম

পুলিশ মহাপরিদর্শক

বাংলাদেশ পুলিশ

পুলিশ সদরদপ্তর

৬, ফুলার রোড, ফুলবাড়িয়া

ঢাকা - ১০০০

বিষয়: সম্প্রতি বিভিন্ন গণধর্ষণের ঘটনায় আদালতের নির্দেশ থাকা সত্ত্বেও থানায় বিলম্বে অভিযোগ গ্রহণ ও মামলা না নেয়া প্রসঙ্গে

জনাব,

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ও নারীপক্ষ-এর পক্ষ থেকে শুভেচ্ছা নিবেন।

ব্লাস্ট এবং নারীপক্ষ গভীর উদ্বেগের সঙ্গে জানাচ্ছে যে, গত ২৮ মার্চ ২০১৭ তারিখ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থীকে গণধর্ষণের অভিযোগ বনানী থানা কর্তৃক বিলম্বে গ্রহণ করা এবং গত ১২ মার্চ ২০১৭ তারিখ কড়াইল বস্তির একজন পোশাক শ্রমিকের গণধর্ষণের ঘটনায় বনানী থানা কর্তৃক মামলা গ্রহণ না করার বিষয়গুলো বিভিন্ন সংবাদ পত্র ও গণমাধ্যমে প্রকাশিত হয়। এছাড়া গত ২৯শে এপ্রিল ২০১৭ গাজীপুরে ধর্ষণের বিচার না পেয়ে এবং থানা মামলা না নেওয়ায় আইনের প্রতি আস্থা হারিয়ে কন্যাসহ পিতার আত্মহত্যার ঘটনাটিও বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত হয়। উপরোক্ত ঘটনাগুলোতে অপরাধের শিকার নারী থানা পুলিশের নিকট অভিযোগ দায়ের করতে গেলেও থানা পুলিশ অভিযোগ গ্রহণ করেননি বা অনেক বিলম্বে গ্রহণ করেছেন।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বিগত ২১ মে ২০১৫ ঢাকায় চলন্ত মাইক্রোবাসে একজন তরুণী দলবদ্ধ ধর্ষণ ঘটনার প্রেক্ষিতে মানবাধিকার সংগঠন নারীপক্ষ, বাংলাদেশ মহিলা পরিষদ, জাতীয় আদীবাসী পরিষদ, আইন ও সালিশ কেন্দ্র এবং ব্লাস্ট কর্তৃক ২৫ মে ২০১৭ তারিখে একটি জনস্বার্থ মামলা (রিট পিটিশন নং-৫৫৪১/২০১৫) দায়ের করেন। উক্ত মামলায় মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ প্রদত্ত আদেশের আলোকে পুলিশ হেডকোয়ার্টার্স থেকে বিগত ১০ জুন ২০১৫ তারিখে (স্মারক নং-না: ও শি: নি: প্র: সেল /সার্কুলার/ ৪৪.০১.০০০০.০৪৭.০১.০১১.১৫-২২৩/১(১০৫)) নারী ও শিশু নির্যাতন মামলা দায়ের সংক্রান্ত বিষয়ে কিছু দিক-নির্দেশনা প্রদান করে একটি পরিপত্র জারী হয়। জারীকৃত পরিপত্রের ৩নং নির্দেশনা হচ্ছে, 'ধর্ষণ, যৌন নিপীড়নসহ নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত অপরাধের কোন অভিযোগ থানায় আসার সাথে সাথে কোন প্রকার বৈষম্য ও বিলম্ব ছাড়াই মামলা রুজু করতে হবে'। 'ধর্ষণ, যৌন নিপীড়নসহ নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত অপরাধের ক্ষেত্রে এধরনের স্পষ্ট দিক-নির্দেশনা থাকা সত্ত্বেও বনানী ও গাজীপুরের অভিযোগগুলোতে উক্ত নির্দেশনার সুনির্দিষ্ট লঙ্ঘন পরিলক্ষিত হয়।


উপরোক্ত অভিযোগ গুলোতে থানা পুলিশ কর্তৃক পুলিশ সদরদপ্তরের নির্দেশনা সম্বলিত পরিপত্র লঙ্ঘনকারী অভিযুক্ত পুলিশ সদস্যদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি-না, করলে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা জানানোর জন্য ব্লাস্ট ও নারীপক্ষ-এর পক্ষ থেকে বিনীত অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদসহ,



রেহানা সামদানী

সভানেত্রী, নারীপক্ষ



সারা হোসেন

অনারারী নির্বাহী পরিচালক, ব্লাস্ট